

## ঢাকা ভার্টিসিট সিনেট রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন ২২ মে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ আগামী ২২ ও ২৭ মে এবং ২ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটের ২৫ রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হবে। ঢাকার বাইরে ৩৪টি ও ঢাকায় ২টি সহ মোট ৩৬টি কেন্দ্রে এই নির্বাচন অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে সারা দেশে এই নির্বাচন নিয়ে আলোচনা ও প্রচারণা শুরু হয়েছে। ২৫টি পদের এই নির্বাচনে মোট ৫৩ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী গণতান্ত্রিক ঐক্য পরিষদ ও জাতীয়তাবাদী পরিষদ একাদেশি প্যানেল ঘোষণা করেছে। বুধবার সাংবাদিক সম্মেলন করে গণতান্ত্রিক ঐক্য পরিষদ তাদের এই প্যানেল ঘোষণা করে। এর আগে তাঁরা মনোনয়নপত্র জমা দেন। জানা গেছে, তিন বছর আগে ২৫ জন রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধি নির্বাচন অনুষ্ঠিত হলেও মামলার কারণে আদালত তা বাতিল করে দেয়। অতঃপর ২২ মে থেকে পুনরায় এই নির্বাচনের সিদ্ধান্ত নেয়া হয়। এবারের নির্বাচনে ২৩ হাজার ২শ' ৯৪ ভোটার রয়েছে। জানা গেছে, এবারে ২৫ রেজিস্টার্ড গ্র্যাজুয়েট নির্বাচনে মোট ৫৩ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন। এর মধ্যে গণতান্ত্রিক ঐক্য পরিষদের ২৫ জন এবং জাতীয়তাবাদী পরিষদের ২৫ জন। বাকি ৩ প্রার্থী স্বতন্ত্র। গণতান্ত্রিক ঐক্য পরিষদের নেতৃবৃন্দ বুধবার ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে সাংবাদিক সম্মেলন করে তাঁদের প্যানেল ঘোষণা করেন। এই পরিষদের ২৫ প্রার্থী হলেন একেএম

শামসুজ্জামান, আখতারুজ্জামান, এ্যারোমা দত্ত, অসিত বরণ সাহা, কাজী আকরাম উদ্দীন আহমেদ, ড. ম. আখতারুজ্জামান ডা. এম ইকবাল আসলাম, মাহবুব উদ্দীন আহমেদ বীর বিক্রম, অধ্যক্ষা মাহফুজা খানম, মোঃ আব্দুস সালাম জালুকদার, মোঃ আফজাল হোসেন, ড. মোঃ আনোয়ার হোসেন, মোঃ আজিজুর রহমান, মোঃ গোলাম কুদ্দুছ, মোঃ হাবিবুর রহমান, ড. মোঃ শামসুল হক ভূইয়া, মোহাম্মদ আব্দুল বারী, মোহাম্মদ ইকবাল সোবহান চৌধুরী, মোহাম্মদ ওজায়ের ফারুক, মঞ্জুর কাদের কোরাইশী, নীলুফার বেগম, এসএম বাহানুল মজবুতুল্লাহ, শ্যামলী নাসরীন চৌধুরী, সুব্রত চৌধুরী এবং সৈয়দ আহমদ। সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ তাঁদের নির্বাচনী ইশতেহারও ঘোষণা করেন। নির্বাচনী ইশতেহারে রয়েছে গণতান্ত্রিক আদেশ ১৯৭৩ পুনরুদ্ধার করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন বজায় রাখা, সিনেটের মাধ্যমে উপাচার্য নিয়োগ করা, ঢাকা বিশ্ববিদ্যালয়কে সেশনজট মুক্ত রাখা, সত্ৰাসমুক্ত শিক্ষার পরিবেশ নিশ্চিত করা, শিক্ষা ও গবেষণার গুণগত উন্নয়ন এবং বিশ্ববিদ্যালয়ের সাংস্কৃতিক ঐতিহ্য পুনরুজ্জীবিত করা। সাংবাদিক সম্মেলনে বক্তৃতা করেন পরিষদের আহ্বায়ক এ্যাডভোকেট সৈয়দ আহমেদ, ড. আখতারুজ্জামান, ড. বন্দকার বজলুল হক প্রমুখ। ঢাকার বাইরে ২২ ও ২৭ মে এবং ২ জুন ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় এই নির্বাচন অনুষ্ঠিত হবে।